

রিখ: 21/12/2016

তুর্কি র ব্যাংকিং বিধি এবং অবেক্ষণ পরিচালক সংস্থার সঙ্গে “অবেক্ষণ মূলক সহযোগিতা এবং তথ্য আদান প্রদান”-এর উপর সমঝোতা পত্র (MOU)

ভারতীয় রিজার্ভ ব্যাংক তুর্কি প্রজাতন্ত্রের ব্যাংকিং বিধি এবং অবেক্ষণ পরিচালক সংস্থার সঙ্গে “অবেক্ষণ মূলক সহযোগিতা এবং তথ্য আদান প্রদান”-এর উপর সমঝোতা পত্র (MOU) সই করল।

এই সমঝোতা পত্রে তুর্কি প্রজাতন্ত্রের ব্যাংকিং বিধি এবং অবেক্ষণ পরিচালক সংস্থার পক্ষে সংস্থার সহসভাপতি মেহমেট ইরফান কুর্ট মহোদয় এবং ভারতীয় রিজার্ভ ব্যাংকের পক্ষে কার্যনির্বাহী নির্দেশক শ্রীমতী মীনা হেমচন্দ্র সই করেন।

কিছু দেশের অবেক্ষণ পরিচালক সংস্থার সঙ্গে অবেক্ষণ মূলক সহযোগিতা এবং সেই সংক্রান্ত তথ্য আদান প্রদান উন্নততর করার লক্ষ্যে ভারতীয় রিজার্ভ ব্যাংক সমঝোতা পত্র, অবেক্ষণ মূলক সহযোগিতাপত্র সহায়তা বিবৃতিতে আবদ্ধ হয়েছে। এই নিয়ে আর বি আই এইরকম 35টি MoU, একটি অবেক্ষণ মূলক সহযোগিতাপত্র এবং একটি সহায়তা বিবৃতিতে সই করল।

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনী : 2016-2017/1608